

# টেক্নো-চাঁদাবাজদের জায়গা নেই

**নিজস্ব প্রতিবেদক**

১৭ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ১৭ সেপ্টেম্বর ২০১৯ ০০:০৮



ছাত্রলীগের নবনিযুক্ত ভারপ্রাণ সভাপতি

আল নাহিয়ান খান জয় বলেছেন,

‘ছাত্রলীগ বঙ্গবন্ধুর আদর্শের সংগঠন। এর

নাম ভাঙ্গিয়ে এক টাকা চাঁদাবাজিও

বরদাশত করা হবে না। কোনো

advertisement

টেক্নো-চাঁদাবাজ এ সংগঠনে অন্তর্ভুক্ত হতে

পারবেন না। তাদের শক্ত হাতে প্রতিহত করা হবে। সংগঠন থেকে বহিক্ষারের পাশাপাশি আইনানুগ ব্যবস্থাও নেওয়া হবে তাদের বিরুদ্ধে।’ গতকাল আমাদের সময়ের সঙ্গে একান্তে

আলাপকালে তিনি এ কথা বলেন।

আল নাহিয়ান খান বলেন, ‘ছাত্রলীগ চাঁদাবাজ-সন্ত্রাসীদের প্রশংস্য দেয় না। সংগঠনের ভাবমূর্তি পুনরুদ্ধারই আমাদের

জন্য চ্যালেঞ্জ। প্রধানমন্ত্রীর নির্দেশিত পথে থেকে ছাত্রলীগের ঐতিহ্য ফিরিয়ে আনতে কাজ করব।' কমিটির বিষয়ে তিনি বলেন, 'আমরা একটা চ্যালেঞ্জ সিচুয়েশনে এসেছি। আমাদের নেতৃত্বের আসার প্রেক্ষাপট সম্পূর্ণ আলাদা। জননেত্রী শেখ হাসিনা যেভাবে দিকনির্দেশনা দেবেন, সেভাবেই চলব। যথাযথভাবে নিজেদের দায়িত্ব পালন করব। অন্য যেসব বিষয় আছে, সেগুলো আওয়ামী লীগের প্রবীণ নেতা ও নীতিনির্ধারকদের সঙ্গে আলোচনা করেই করা হবে।'

সাবেকদের মতো নতুন দায়িত্বপ্রাপ্তদের বিরুদ্ধেও চাঁদাবাজি-টেক্নো-চাঁদাবাজির অভিযোগ উঠবে কিনা জানতে চাইলে তিনি বলেন, 'আমাদের গায়ে কোনো কলঙ্কের দাগ লাগতে দেব না। নিজেদের একটি ইতিবাচক ইমেজ গড়ে তোলার চেষ্টা করব। আমাদেরকে কেন্দ্র করে কোনো বলয়ের সৃষ্টি হতে দেব না, যাতে আমাদের নাম ভাঙিয়ে কেউ কোনো অপরাধ করতে না পারে। প্রটোকলের রাজনীতি ও পরিহার করব। চেষ্টা করব সংগঠনের মধ্যে যেন কেউ বিশৃঙ্খলা সৃষ্টি করতে না পারে। আমাদের পার্টি অনেক বড়। তাই অনেক অনুপ্রবেশকারী বিশৃঙ্খলা করতে চায়। আমরা ঝামেলা সৃষ্টিকারীদের চিহ্নিত করতে সর্বোচ্চ চেষ্টা করব।' সংগঠনের নেতাকর্মীদের উদ্দেশে জয় বলেন, 'ছাত্ররাজনীতির প্রকৃত বৈশিষ্ট্য ধরে রাখতে সচেষ্ট থাকতে হবে। আমরা নিজেরাও সেই চেষ্টা করব। লবিং-তদবির না করে সঠিক রাজনীতি করেন, আশা করি যথাযথ মূল্যায়ন পাবেন।'